মেহেরপুরে জামায়াতের এমপি প্রার্থী তাজউদ্দিন খানের গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের রুদ্রনগর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেল ৫টার দিকে রুদ্রনগর গ্রামের প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী তাজউদ্দিন খান।

এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, রাজনৈতিক সেক্রেটারি কাজি রুহুল আমিন, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, কুতুবপুর ইউনিয়নের তদারককারী জাবেরুল ইসলাম, কুতুবপুর ইউনিয়নের আমির ইমদাদুল হক, সেক্রেটারি পারভেজ হুসাইন, রুদ্রনগর ওয়ার্ড সভাপতি শেরেকুল ইসলাম প্রমুখ।

গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

মেহেরপুরে মহিলা দলের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের উদ্যোগে মেহেরপুরে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে পুলিশ লাইনের পাশে এ কর্মী সভার

আয়োজন করা হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর সরকারি কলেজ সাবেক ভিপি জাহাঙ্গী

বিশ্বাস। জেলা মহিলা দলের সভাপতি সায়েদাতুন্নেসা নয়নের সভাপতিত্বে এবং অর্থ বিষয়ক সম্পাদক রুপালি খাতুনের সঞ্চালনায় সভাটি পরিচালিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা মহিলা দলের সিনিয়র সহ-সভাপতি বেদানা আক্তার পলি, সাংগঠনিক সম্পাদক ফাহিমা খাতুন, মহিলা দল নেত্রী ফিরোজা আক্তার পপি, বিউটি, রঞ্জনা, মল্লে, কল্পনা, শেফালী, তানিয়া প্রমুখ।

বক্তারা বলেন, মহিলা দলসহ সকল নেত্রী-কর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে এবং সংগঠনকে আরও গতিশীল করতে হবে।

মেহেরপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন

আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২৫ উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য র্যালি, আলোচনা ও মহড়ার আয়োজন করা হয়েছে।

সোমবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসনের আয়োজনে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, মেহেরপুর সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামুল হক, সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপ-সহকারী পরিচালক সাকরিয়া হায়দার, এবং ব্র্যাকের জেলা প্রতিনিধি মনিরুল হায়দার প্রমুখ।

আলোচনা সভার আগে দিবসটি উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের নেতৃত্বে র্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর প্রদক্ষিণ করে।

পরে, আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উদ্যোগে মহড়ার আয়োজন করা হয়।

গাংনীতে রড সিমেন্টের দোকানের বিপুল পরিমাণ সারের মজুদ রহস্য!

মেহেরপুরের গাংনীতে প্রায় দেড় কোটি টাকা মূল্যের এসওপি সার জব্দ নিয়ে শুরু হয়েছে ধুঁয়াশা। অবশেষে স্থানীয়দের জোর তৎপরতায় গাংনী উপজেলা প্রশাসন, সেনাবাহিনী ও পুলিশের উপস্থিতিতে ৩৩৬০ বস্তা সার প্রাথমিকভাবে জব্দ করে গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলামের জিম্মায় রেখেছেন।

এ সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন, উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন, গাংনী থানার উপপরিদর্শক (এসআই) আব্দুল গাফ্ফার উপস্থিত ছিলেন।

স্থানীয়রা জানান, গতরাতে কয়েকটি সারের ট্রাক ৩৩৬০ বস্তা সার মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের গাংনী বসুন্ধরাপাড়া এলাকায় আর এ এন্টারপ্রাইজ (যার প্রোপাইটার গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম এবং পরিচালনায় বাপ্পি ও আব্দুল হালিম) গোডাউনে আনলোড করা হয়। রহস্যজনকভাবে একই গোডাউন থেকে রবিবার সন্ধার দিকে আবারও ওই সার ট্রাকে লোড শুরু করে কয়েকজন। এতে স্থানীয়দের মধ্যে সন্দেহ সৃষ্টি হলে উপজেলা প্রশাসন ও কৃষি বিভাগসহ পুলিশসহ আইনশৃংখলাবাহিনীর সদস্যদের খবর দেন। এক পর্যায়ে মেহেরপুর জেলা প্রশাসককেও খবরটি দেন। পরে উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন, কৃষি অফিসার ইমরান হোসেন ঘটনাস্থলে পৌছান।

এক পর্যায়ে সারগুলো নিয়ে সৃষ্টি হয় ধু¤◌্রজাল। পরে গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলামসহ শ্রমিক ইউনিয়নের কয়েকজন এসে জানান, এসওপি সারগুলো ঝিনাইদহ জেলার জন্য একটি তামাক কোম্পানী নিয়ে এসেছে। ওখানে সমস্যার কারনে এই গোডাউনে রাখা হয়েছে।

সারগুলো চিটাগাঙের নাফকো কোম্পানী থেকে ক্রয় করেছে একটি টোব্যাকো কোম্পানী। তবে, টোবাক্য কোম্পানীর কোনো লোক সারগুলোর কাছে আসেনি।

আর এ এন্টারপ্রাইজ একজন পরিচালক বাপ্পি জানান, আমাদের এটা রড সিমেন্টের দোকান। শ্রমিকলীগ নেতা মনিরুজ্জামান ফোন করে বলেছে সারগুলো নামবে পরে এসে কোম্পানীর লোকজন নিয়ে যাবে। তারা ভাড়া দেবে। আমার ঘর ফাঁকা ছিল। আমার ঘরে সার নামিয়েছি। আজকে তারা নিয়ে যাচ্ছে। তবে, গাড়ির চালকরা জানান, সার বোঝায় থাকলে ট্রাকের চাকা নষ্ট হয়ে যাবে এজন্য আমরা সারগুলো এখানে নামিয়ে রেখেছি। এব্যাপারে থানায় জিডি করতেও গেছি। কিন্তু থানার স্যার না থাকায় জিডি করা হয়নি।

শ্রমিক ইউনিয়নের নেতা ও ট্রান্সপোর্টের এজেন্ট আক্তারুজ্জামান বলেন, এই মাল চুয়াডাঙ্গার জীবনগরে আনলোড হওয়ার কথা ছিল। কিন্তু কি কারণে সেখানে সার আনলোড করা হয়নি। আমাদের ফোন করে বললো গাংনীতে মাল আনলোড করে নেন। আমরা এখনো জানিনা কি কারণে মালগুলো এখানে আনলোড করেছে।

এ ব্যাপারে গাংনী উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন বলেন, এই সারটা বৃটিশ আমেরিকান কোম্পানী এখানে নিয়ে এসেছে। আমাদের গাংনী থানার ওসি জানানোর পর ঘটনাস্থলে এসে সারটা আপাতত জব্দ করে এবং তাদের চালানের কাগজপত্র নিয়েছি। আগামীকাল সারের প্রকৃত মালিকদের আসতে বলেছি। তাদের কাছ থেকে প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে পরবর্তিতে ব্যবস্থা নেওয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসনে বলেন, বর্তমানে সার নিয়ে একটি সংকট সৃষ্টি হয়েছে। সারটি সংশ্লিষ্ট যারা কিনেছেন তাদের সাথে কৃষি অফিসারের কথা হয়েছে। তারা আসলে উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে বিষয়টি সূরাহা করা হবে।

মেহেরপুরে বিএনপি থেকে ৭০ নেতাকর্মীর জামায়াতে যোগদান

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের গোপালপুর গ্রামে ৩ নম্বর ওয়ার্ডের ৭০ জন বিএনপি নেতাকর্মী জামায়াতে ইসলামীতে যোগদান করেন। গতকাল রবিবার এশার নামাজের পর গোপালপুর ৩ নম্বর ওয়ার্ডে এ যোগদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ আসনের প্রার্থী তাজউদ্দিন খান। এসময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, রাজনৈতিক সেক্রেটারি কাজি রুহুল আমিন, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, মেহেরপুর পৌর শাখার আমির সোহেল রানা ডলার, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, শ্যামপুর ইউনিয়ন আমির মফিদুল ইসলাম, সেক্রেটারি মকলেছুর রহমান, গোপালপুর ওয়ার্ড সভাপতি ইমাদুল হকসহ শ্যামপুর ইউনিয়নের নেতৃবৃন্দ। নতুন যোগদানকারীদের হাতে ফুল তুলে দিয়ে ও দোয়া-মোনাজাতের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে জামায়াতে ইসলামীতে স্বাগত জানানো হয়।

অনুষ্ঠানে মাওলানা তাজউদ্দিন খান বলেন, জনগণের অধিকার প্রতিষ্ঠা ও ন্যায়ভিত্তিক সমাজ গঠনের আন্দোলনে জামায়াত সবসময় জনগণের পাশে আছে। এই যোগদান আমাদের সংগঠনকে আরও শক্তিশালী করবে।

স্থানীয় নেতৃবৃন্দ জানান, নির্বাচনের আগে বিএনপি নেতাকর্মীদের জামায়াতে যোগদান রাজনৈতিক অঙ্গনে নতুন সমীকরণ তৈরি করেছে।

মেহেরপুরে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার নির্দেশ বিএনপি মহাসচিবের

মেহেরপুর-১ আসনে বিএনপির জয় নিশ্চিত করতে এবং দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের নির্দেশনা মানতে দলের ঐক্যবদ্ধভাবে কাজ করার নির্দেশনা দিয়েছেন বিএনপির মহাসচিব মীর্জা ফখরুল ইসলাম আলমগীর।

গতকাল রবিবার সন্ধ্যায় বিএনপির গুলশান কাযর্যালয়ে মেহেরপুর-১ আসনের মনোনয়ন প্রত্যাশী তিন নেতাকে এ নির্দেশনা দিয়েছেন বলে নির্ভরযোগ্য সূত্র থেকে জানা গেছে।

বিএনপির মহসচিব মীর্জা ফখরুল ইসলাম আলমগীরের ডাকে দলীয় কার্যালয়ে আসন ভিত্তিক বৈঠকে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান এবং শিক্ষক নেতা জাকির হোসেন।

উপস্থিত তিনজেনর মধ্যে অ্যাড. কামরুল হাসান ও জাকির হোসেন মেহেরপুর প্রতিদিনকে এ তথ্য নিশ্চিত করেছেন।

তাঁরা দুজনই বলেন, দলীয় বিভেদ কোন্দল ভুলে গিয়ে ঐক্যদ্ধভাবে দলীয় সকল কর্মসূচী পালন করতে মহাসচিব নির্দেশনা দিয়েছেন। মহাসচিব বলেছেন, কেউ কারো বিরুদ্ধে যেন বিষেদামূলক কোন কথা না বলেন । দল যাকে মনোনয়ন দেবে সকলেই যাতে তাঁর হয়ে নির্বাচনী মাঠে কাজ করতে পারে এবং দলীয় বিজয় নিশ্চিত করতে পারেন।

তবে, গতকাল রাতের এ বৈঠক শুরু হওয়ার আগে থেকে সোশ্যাল মিডিয়া মেহেরপুরের বিএনপির নেতা-কর্মী সমর্থকরা বিভিন্ন জনের পক্ষ নিয়ে আলহামদুলিল্লাহসহ বিভিন্ন স্ট্যাটাসের ঝড় তোলে সরব করে রাখেন।

মেহেরপুরে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনের উদ্বোধন

মেহেরপুর স্বাস্থ্য বিভাগের উদ্যোগে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনের উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকালে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের মিলনায়তনে একজন ছাত্রীকে টিকা প্রদানের মাধ্যমে জেলা পর্যায়ে এ ক্যাম্পেইনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. আবু সাঈদ, অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আরা, জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক সিরাজুম মুনির, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালক আব্দুস সাত্তার, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. রোমানা হেলালী জুশি, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা তৌহিদুল ইসলাম এবং মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল লতিফসহ অন্যান্য কর্মকর্তারা।

মেহেরপুর জেলায় ৯ মাস থেকে ১৫ বছর বয়সী ১ লাখ ৬৮ হাজার ২৯৭ জন শিশুকে টিকা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলায় ৮০ হাজার ১৪৫ জন, গাংনী উপজেলায় ৪৭ হাজার ৯৪৩ জন, মুজিবনগর উপজেলায় ২৬ হাজার ৯৩৮ জন এবং মেহেরপুর পৌরসভায় ১৩ হাজার ২৭১ জন।

তবে এখন পর্যন্ত জেলায় মোট ৭১ হাজার ১৬৯ জন শিশুর রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। এর মধ্যে সদর উপজেলায় ২৭ হাজার ৭২৫ জন, গাংনী উপজেলায় ২৮ হাজার ৭৪৫ জন এবং মুজিবনগর উপজেলায় ৮ হাজার ৯৭৫ জন।

মুজিবনগরে আমিরুল ইসলামের গণসংযোগ ও পথসভা অব্যাহত

মেহেরপুর-১ আসনের মনোনয়ন প্রত্যাশী, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ঘোষিত ৩১ দফা বাস্তবায়ন এবং ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ করেছেন।

রবিবার বিকেল ৪টায় গণসংযোগের উদ্দেশ্যে মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের শিবপুর ও বিশ্বনাথপুর গ্রামে পৌঁছালে স্থানীয় বিএনপি নেতা-কর্মীরা তাকে ফুল দিয়ে স্বাগত জানান।

তিনি মোনাখালী ইউনিয়নের শিবপুর ও বিশ্বনাথপুর গ্রামে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ, পথসভা ও ৩১ দফার লিফলেট বিতরণ করেন।

এ সময় সাধারণ জনগণের মাঝে তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়নের প্রয়োজনীয়তা তুলে ধরে ধানের শীষে ভোট প্রদানের আহ্বান জানান আমিরুল ইসলাম।

গণসংযোগকালে মোনাখালী ইউনিয়নের বিভিন্ন গ্রামে বিএনপি নেতা- কর্মী ও সমর্থকরা রাস্তার দুই ধারে দাঁড়িয়ে হাততালি দিয়ে তাকে স্বাগত জানান এবং আগামী নির্বাচনে ধানের শীষে ভোট দিয়ে জাতীয়তাবাদী দলকে ক্ষমতায় আনার অঙ্গীকার করেন।

গণসংযোগে আরও উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্যসচিব আনারুল ইসলামহ, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ

মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়ন, ওয়ার্ড ও গ্রামের বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতা-কর্মীরা।

মেহেরপুরের আমঝুপিতে জাতীয় তামাকমুক্ত দিবস পালন

“কৃষি জমিতে তামাক চাষ, খাদ্য নিরাপত্তায় সর্বনাশ।” প্রতিপাদ্য মেহেরপুরে জাতীয় তামাকমুক্ত দিবস ২০২৫ পালন উপলক্ষে মানববন্ধন ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার আয়োজনে এবং বাংলাদেশ তামাক বিরোধী জোট ও ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্টের সহযোগিতায় গতকাল রবিবার সকালে সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের সামনে এ কর্মসূচি পালন করা হয়। অংশগ্রহণকারীরা অবিলম্বে তামাক চাষ নিয়ন্ত্রণ নীতিমালা চূড়ান্ত করার দাবি জানান।

মানববন্ধন শেষে জেলা প্রশাসক বরাবর একটি স্মারকলিপি প্রদান করা হয়। পাশাপাশি স্মারকলিপির অনুলিপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালকের কাছেও হস্তান্তর করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলম এবং স্থানীয় সংগঠনের প্রতিনিধি ও সদস্যবৃন্দ।

মেহেরপুরে জামায়াতের এমপি প্রার্থী তাজউদ্দিন খানের গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার শ্যামপুর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকাল ৫টার দিকে শ্যামপুর গ্রামের প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমির ও এমপি প্রার্থী তাজউদ্দিন খান।

এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, রাজনৈতিক সেক্রেটারি কাজি রুহুল আমিন, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম মাস্টার, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের সদর উপজেলা সভাপতি আবুল হোসেন, শ্যামপুর ইউনিয়ন আমির মফিদুল ইসলাম, সেক্রেটারি মকলেছুর রহমান, শ্যামপুর ওয়ার্ড সভাপতি আসরাফুল ইসলাম আকেরুলসহ শ্যামপুর ইউনিয়নের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।